

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৪৮৮৭

কুমারঘাট, ১৭ ফেব্রুয়ারি, ২০২৪

অল ইন্ডিয়া সিনিয়র সেকেন্ডারি সার্টিফিকেট এক্সামিনেশন

পাবিয়াছড়া দ্বাদশ শ্রেণী বিদ্যালয়ের ১০০ মিটার এলাকায় ১৪৪ ধারা

সিবিএসই পরিচালিত অল ইন্ডিয়া সিনিয়র সেকেন্ডারি সার্টিফিকেট এক্সামিনেশন (দ্বাদশ শ্রেণী) এবং অল ইন্ডিয়া সিনিয়র সেকেন্ডারি স্কুল এক্সামিনেশন (দশম শ্রেণী)-২০২৪ আগামী ২০ ফেব্রুয়ারি থেকে ২ এপ্রিল পর্যন্ত কুমারঘাটের পাবিয়াছড়া দ্বাদশ শ্রেণী বিদ্যালয়ের পরীক্ষাকেন্দ্রে অনুষ্ঠিত হবে। সেজন্য পরীক্ষা কেন্দ্রের ১০০ মিটার এলাকায় ১৪৪ ধারা জারি করা হয়েছে। কুমারঘাট মহকুমার মহকুমা শাসক এই আদেশ জারি করে জানিয়েছেন পরীক্ষার দিনগুলিতে সকাল ৯টা থেকে দুপুর ১টা ৩০ মিনিট পর্যন্ত ১৪৪ ধারা বলবৎ থাকবে। আদেশে বলা হয়েছে পরীক্ষা কেন্দ্রের ১০০ মিটারের মধ্যে পরীক্ষার্থী, সরকারি কাজে নিয়োজিত কর্মচারি, পুলিশ ও অন্যান্য আইন প্রণয়নকারী সংস্থা ব্যতীত পাঁচ বা ততোধিক ব্যক্তি এক সাথে জড়ো হতে পারবেন না। পরীক্ষাকেন্দ্রের আশপাশ এলাকায় পুলিশ, আইন প্রণয়নকারী সংস্থা ব্যতীত পরীক্ষার্থী সহ অন্য কেউ কোন ধরনের অস্ত্র বা আগ্নেয়াস্ত্র বহন করতে পারবেনা। এছাড়া, পরীক্ষাকেন্দ্রের ১০০ মিটার এলাকার মধ্যে পরীক্ষা চলাকালীন স্বরবর্ধক যন্ত্রও ব্যবহার করা যাবেনা।
